

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৪৯  
আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

চেবরি ইংলিশ মিডিয়াম উচ্চ বিদ্যালয়ে  
'টোবাকো ফ্রি ইয়ুথ ক্যাম্পেইন' কর্মসূচি



জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির অধীনে খোয়াই জেলার বিভিন্ন বিদ্যালয়ে 'টোবাকো ফ্রি ইয়ুথ ক্যাম্পেইন' কর্মসূচি চলছে। এর অঙ্গ হিসাবে গত ১০ মার্চ চেবরি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন চেবরি ইংলিশ মিডিয়াম উচ্চ বিদ্যালয়ে এক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। তাতে বিদ্যালয়ের মোট ৭০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন। তামাক জাতীয় দ্রব্যের ব্যবহার ও নেশার করাল গ্রাস থেকে যুবসমাজকে রক্ষা করা ও এর ভয়াবহতা সম্পর্কে সকলকে সচেতন করাই এই কর্মসূচির উদ্দেশ্য। এদিন কর্মসূচিতে উপস্থিত ছাত্রছাত্রীদের মধ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডা. মনোজিৎ দেবনাথ, তামাক জাতীয় দ্রব্য ব্যবহারের কুফল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ও সব ধরনের তামাক জাতীয় দ্রব্য ব্যবহার থেকে তাদেরকে দূরে থাকতে আহ্বান রাখেন। এছাড়াও এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন এমপিএস শিপ্রা মোদক, এমপিডব্লিও মনোজ দেবনাথ এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক শান্তনু দেববর্মা সহ অন্যান্য শিক্ষক ও শিক্ষিকাগণ। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*